ভোরের কাগজ

তারিখ ... JUL 22 1999 ...
পৃষ্ঠা ৬ ... কলাম ১ ...

222

# ইনষ্টিটিউট অব হেলথ ইকনোমিকস্

## ঢাকা বিশ্ববিদ্যালয়
## ঢাকা-১০০০

# ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে পোষ্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা ইন হেলথ ইকনোমিকস্-এ ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশী ও বিদেশী কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারীদের নিকট হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনষ্টিটিউট অব হেলথ ইকনোমিকস্-এর অধীনে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে স্বাস্থ্য অর্থনীতিতে পোষ্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামে ভর্তির দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**প্রার্থীর যোগ্যতা :** প্রার্থীদের যেকোন বিষয়ে (চিকিৎসা বিজ্ঞানসহ) ন্যূনতম স্নাতক ডিগ্রী থাকতে হবে। দুই বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রীধারীদের অবশ্যই ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেক্টরে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

**প্রার্থী নির্বাচন :** দরখাস্তকারীদের ৭৫ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে প্রাথমিকভাবে ১৫০ জন প্রার্থী নির্বাচন করা হবে। তাদের ২৫ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সর্বমোট ৪৫ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হবে।

ডিপ্লোমা প্রোগ্রামের ক্লাসসমূহ বিকালে অনুষ্ঠিত হবে। এই প্রোগ্রামের উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্য অর্থনীতিতে ডিপ্লোমা সার্টিফিকেট প্রদান করা হবে এবং পরবর্তীতে ১ বৎসর মেয়াদী এম, এসসি প্রোগ্রামে ভর্তির সুযোগ দেয়া হবে।

ভর্তিচ্ছু প্রার্থীদেরকে ইনস্টিটিউটের কার্যালয় (রুম নং-৩০৪৬, কলাভবন, তৃতীয় তলা) হতে ৩৫০.০০ টাকা জমা দিয়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে। পূরণকৃত ফরম ও অন্যান্য কাগজপত্রসহ ১৬ আগষ্ট ১৯৯৯ তারিখের মধ্যে ইনষ্টিটিউটের কার্যালয়ে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে ২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি এবং সকল পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের ফটোকপি সত্যায়িত করে জমা দিতে হবে।

আগামী ২০ আগষ্ট ১৯৯৯ তারিখ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ডঃ সুশীল রঞ্জন হাওলাদার
পরিচালক
স্বাস্থ্য অর্থনীতি ইনষ্টিটিউট।
ফোন : ৯৬৬১৯২০-৫৯/৪৪৫৯

ডিজি-৫১৮/৯৯ (৭″×৩)